

আরবী শিক্ষকদের জন্য সপ্তাহব্যাপী প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন

প্রেস বিজ্ঞপ্তি : বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের উদ্যোগে গতকাল (বৃহস্পতিবার) ঢাকার পলাশীস্থ ব্যানবেইস মিলনায়তনে আরবী ও ইসলাম শিক্ষা বিষয়ের শিক্ষকদের জন্য এক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করা হয়। ইসলামিক এডুকেশনাল সাইন্টিফিক এন্ড কালচারাল অর্গানাইজেশনের সহযোগিতায় সপ্তাহব্যাপী এই কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা দানকালে শিক্ষা সচিব কাজী রকিব উদ্দীন আহমদ বলেন, প্রশিক্ষণের কোন বিকল্প নেই। তিনি জাতীয় জীবনের প্রতিটি স্তরের শিক্ষকদের প্রশিক্ষণের উপর গুরুত্বারোপ করেন এবং প্রশিক্ষণ গ্রহণ করে তা শ্রেণীকক্ষে যথার্থভাবে প্রয়োগ করতে শিক্ষকদের পরামর্শ দেন।